নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৬/২৪৭১ ২৬ ফেব্রুয়ারি ২০২৬

## নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নেবিপ্রবি) বাংলা বিভাগের আয়োজনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ ও ২য় ব্যাচের বিদায় অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২ ফেব্রুয়ারি ২০২৬) নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নেবিপ্রবি) বাংলা বিভাগে সেমিনার লাইব্রেরির উদ্বোধন ও গবেষণা পত্রিকার মোড়ক উন্মোচন করা হয়েছে। মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি ২০২৬) এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনার লাইব্রেরির উদ্বোধন ও 'নোবিপ্রবি বাংলা বিভাগ গবেষণা পত্রিকা' শিরোনামে ২য় খণ্ডের মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমাদের অন্যতম লক্ষ্য হলো শিক্ষার্থীবান্ধব একটি বিশ্ববিদ্যালয় গড়ে তোলা।এক্ষেত্রে যা যা করা প্রয়োজন আমরা তা করবো।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নেবিপ্রবি) সেন্ট্রাল স্টুডেন্টস ক্যাফেটেরিয়া উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি ২০২৬) এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমাদের দায়িত্ব হলো সর্বাগ্রে শিক্ষার্থীদের সুযোগ সুবিধা নিশ্চিত করা। তারই অংশ হিসেবে নোবিপ্রবি ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের দাবি সেন্ট্রাল স্টুডেন্টস ক্যাফেটেরিয়া চালু করা হলো। এর মধ্য দিয়ে শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও মানসম্মত খাবার পরিবেশনের পরিবেশ তৈরি করা হয়েছে। আমাদের শিক্ষার্থীদের যেনো ক্যাম্পাসের অভ্যন্তরে স্বাস্থ্যসম্মত খাবারের সংকট পোহাতে না হয় সে জন্য বড় পরিসরে এ ক্যাফেটেরিয়া চালু করা হলো।




৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পিএইচডি ফেলোশিপের ২য় কিস্তির (জুলাই ২০২৫-জানুয়ারি ২০২৬) চেক হস্তান্তর অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি ২০২৬) উপাচার্যের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে ফেলোশিপপ্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় উপাচার্য বলেন, মেধাবীদের উৎসাহিত করতে এ ধরণের শিক্ষাবৃত্তি কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ যা ভবিষ্যতেও চলমান থাকবে।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নেবিপ্রবি) প্রভোস্ট কোয়ার্টারে সুপারশপ উদ্বোধন করা হয়েছে। সোমবার (৯ ফেব্রুয়ারি ২০২৬) এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শিক্ষার্থীদের একাডেমিক শিক্ষার পাশাপাশি অন্যান্য সেবা নিশ্চিত করতে আমরা কাজ করছি। তারই

অংশ হিসেবে প্রভোস্ট কোয়ার্টারে সুপারশপ উদ্বোধন করা হলো। এর মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন সামগ্রী ক্রয় সহজলভ্য হবে এবং এ শপে বিশ্ববিদ্যালয়ের ব্র্যান্ডিং হয় এমন সামগ্রী নিয়ে একটি কর্ণার তৈরি করা হবে।



৬. আন্তর্জাতিক নির্বাচন পর্যবেক্ষণ মিশন এর আওতাভুক্ত 'এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশনস্ (ANFREL)' এর সেক্রেটারি জেনারেল জনাব কোরাজোন অনারিও ইগনাশিও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি ২০২৬) নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় আসন্ন জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোটের গুরুত্ব তুলে ধরেন।



৭. ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয় অর্জন করায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারপারসন জনাব তারেক রহমানসহ নবনির্বাচিত সকল সংসদ সদস্যকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শনিবার (১৪ ফেব্রুয়ারি ২০২৬) এক বিবৃতিতে নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে তিনি জানান, এ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে এবং দলটির চেয়ারপারসন জনাব তারেক রহমান বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করতে যাচ্ছেন। আশা করা যায়, নবগঠিতব্য সরকার বাংলাদেশ-এর গণতান্ত্রিক অগ্রযাত্রা, উন্নয়ন ও স্থিতিশীলতা নিশ্চিত করতে কার্যকর ভূমিকা পালন করবে।

৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) লন টেনিস কোর্ট উদ্বোধন করা হয়েছে। রোববার (১৫ ফেব্রুয়ারি ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ভিসি বাংলো সম্মুখে নবনির্মিত এ টেনিস কোর্ট উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা যদি খেলাধুলার প্রতি নিজেদের যুক্ত করি তাহলে শারীরিক ও মানসকি উভয় ক্ষেত্রেই লাভোবান হবো। কেননা সুস্থ দেহ গঠনে খেলাধুলার কোনো বিকল্প নেই। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, প্রধান প্রকৌশলী মো. জামাল হোসেনসহ বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকবৃন্দ।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কেন্দ্রীয় পরিবহন শেড উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৬ ফেব্রুয়ারি ২০২৬) দুপুরে বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। উদ্বোধনকালে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস্ (ডিপিডি) দপ্তরের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) প্রকৌশলী মো. জামাল হোসেনসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকবৃন্দ।




১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষার্থীদের জন্য বাস্কেটবল ও ভলিবল কোর্ট উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৬ ফেব্রুয়ারি ২০২৬) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শিক্ষার্থীবান্ধব বিশ্ববিদ্যালয় গড়ে তোলাই আমাদের প্রধান লক্ষ্য। শিক্ষার্থীদের সুস্বাস্থ্য ও মানসিক বিকাশের অন্যতম মাধ্যম হচ্ছে খেলাধুলা। কেন্দ্রীয় খেলার মাঠে নির্মিত এ বাস্কেটবল ও ভলিবল কোর্টে আমাদের শিক্ষার্থীরা নিয়মিত অনুশীলন করবে এবং এখান থেকেও ভবিষ্যতে জাতীয় পর্যায়ের খেলোয়াড় তৈরি হবে এ প্রত্যাশা করছি।



১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সংস্কার পরবর্তী কনফারেন্স রুম এর উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৬ ফেব্রুয়ারি ২০২৬) এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ সহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ।



১২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নবনির্বাচিত মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। একই সঙ্গে মন্ত্রিসভার নবনির্বাচিত সদস্যবৃন্দ এবং জাতীয় সংসদের সম্মানিত সদস্যদের প্রতিও তিনি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। বুধবার (১৮ ফেব্রুয়ারি ২০২৬) এক বার্তায় তিনি বলেন, জনগণের প্রত্যাশা ও গণতান্ত্রিক প্রক্রিয়ার অগ্রযাত্রায় নবগঠিত সরকার দায়িত্ব গ্রহণ করায় দেশের উন্নয়নে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, শিক্ষা, গবেষণা ও প্রযুক্তিনির্ভর মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে বাংলাদেশ টেকসই উন্নয়নের পথে আরও এগিয়ে যাবে।



১৩. নবনিযুক্ত শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এবং শিক্ষা প্রতিমন্ত্রী জনাব ববি হাজ্জাজ এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বুধবার (১৮ ফেব্রুয়ারি ২০২৬) বাংলাদেশ সচিবালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। এ সময় মাননীয় শিক্ষামন্ত্রীকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও অবকাঠামোগত উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে অবহিত করেন উপাচার্য এবং বিশ্ববিদ্যালয় পরিদর্শনের আমন্ত্রণ জানান।



১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি ২০২৬) বেলা ১২টায় উপাচার্যের সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামোগত সার্বিক উন্নয়ন বিষয়ে গণমাধ্যমকর্মীদের মূল্যবান পরামর্শ গ্রহণ ও মতবিনিময়ের লক্ষ্যে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ উপস্থিত ছিলেন। এ সময় উপাচার্য বলেন নোবিপ্রবি সাম্প্রতিক বছরগুলোতে একাডেমিক ও গবেষণা ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। আন্তর্জাতিক র‍্যাঙ্কিং সংস্থা টাইমস হায়ার এডুকেশন এর সর্বশেষ মূল্যায়নে গবেষণা সূচকে নোবিপ্রবি বিশ্বে ৭২২তম এবং বাংলাদেশি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১২তম অবস্থান লাভ করেছে।




১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ পালিত হয়েছে। এ উপলক্ষে শনিবার (২১ ফেব্রুয়ারি ২০২৬) শোক পদযাত্রা, সশস্ত্র সালাম প্রদান, কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভা, দোয়া ও কালো ব্যাজ ধারণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্বদ্যিালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। এ দিবস উপলক্ষে রাত ১২টা ০১ মিনিটে উপাচার্যের নেতৃত্বে নোবিপ্রবি শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। সকালে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু

হয়। পরে প্রশাসনিক ভবনের সামনে থেকে শোক পদযাত্রা শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ হয়।




১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে জিএসটি ভর্তি পরীক্ষার মূল ভর্তি কমিটি এবং সংশ্লিষ্ট উপ-কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিবদের সাথে সমন্বয় সভা সোমবার (২৩ ফেব্রুয়ারি ২০২৬) উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি বিষয়ে গঠিত ভর্তি কমিটির ২য় সভা মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি ২০২৬) আইকিউএসি সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ভর্তি কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৮. বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর চেয়ারম্যানের উপদেষ্টা মণ্ডলীর সদস্য, সাবেক চিফ হুইপ ও নোয়াখালী-২ আসন থেকে নবনির্বাচিত সংসদ সদস্য অ্যাডভোকেট জয়নুল আবদিন ফারুকের সহধর্মিণী কানিজ ফাতেমা (৭৩) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বুধবার (২৫ ফেব্রুয়ারি ২০২৬) এক শোকবার্তায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।




ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪